দেশে যেকোনও সময় প্রাণঘাতী রূপ নিতে পারে করোনা: ওবায়দুল কাদের

করোনার সংক্রমণ দেশে যেকোনও সময় প্রাণঘাতী রূপ নিতে পারে বলে শঙ্কা প্রকাশ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

সোমবার সকালে অনলাইন সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি।

এ সময় সবাইকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালনে সর্বোচ্চ সতর্ক থাকার আহ্বান জানান ওবায়দুল কাদের।

তিনি বলেন, করোনার সংক্রমণ দেশজুড়ে কমে এসেছে এ কথা বলা যাচ্ছে না। রবিবার গবেষকরা জানিয়েছেন, বাংলাদেশে এ ভাইরাস দ্রুতগতিতে রূপ পরিবর্তন করছে। বিশ্বে করোনাভাইরাসের রূপান্তরের হার প্রায় ৭ শতাংশ হলেও বাংলাদেশে এ হার প্রায় ১৩ শতাংশ।

তিনি বলেন, অনেক দেশে করোনা সংক্রমণের সেকেন্ড ওয়েভ শুরু হয়েছে। আমি দেশবাসীকে সংক্রমণের বর্তমান পর্যায়ে নিয়ন্ত্রিত অবস্থা দেখে আত্মতুষ্টিতে ভোগা বা অবহেলা না করার অনুরোধ করছি, যেকোনও সময়ে সংক্রমণ প্রাণঘাতী রূপ নিতে পারে। তাই সবাইকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালনে সর্বোচ্চ সতর্ক থাকার আহ্বান জানাচ্ছি।

সূত্র- বিডি প্রতিদিন

পাঁচ পৌরসভায় উপনির্বাচন ১০

অক্টোবর

পাঁচটি পৌরসভায় উপনির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১০ অক্টোবর। তার মধ্যে দুটি পৌরসভায় মেয়র পদে এবং তিনটি পৌরসভায় সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদে ভোট অনুষ্ঠিত হবে।

নির্বাচন কমিশন (ইসি) সূত্র জানায়, ইসির নির্বাচন পরিচালনা-২ অধিশাখার উপসচিব মো. আতিয়ার রহমান এ সংক্রান্ত একটি নথি জারি করেছেন।

নথি থেকে জানা যায়, টাঙ্গাইলের মির্জাপুর পৌরসভায় মেয়রের শূন্য পদে, জয়পুরহাটের কালাই পৌরসভায় মেয়র শূন্য পদে, নোয়াখালীর হাতিয়া পৌরসভায় ৭ নম্বর সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে, রাজশাহীর কেশরহাট পৌরসভার ৯ নম্বর সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে এবং কুমিল্লার লাকসামের ৫ নম্বর সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

সূত্র- বিডি প্রতিদিন

ঘর পেল গাংনীর সেই অন্ধ পরিবার

প্রবাসীদের সহযোগিতায় বিশ্বস্ত স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে ঘর পেল মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের সেই অন্ধ পরিবার।

ভাগ্যের কি নির্মম পরিহাস সংসারের একমাত্র আয়ের উৎস স্বামী শাহিন হোসেন। স্বামী ছাড়া পরিবারের তিনজনই অন্ধ প্রতিবন্ধী,স্ত্রী পারেছা খাতুন,বড় ছেলে পারভেজ(৪), ছোট ছেলে শাওন(২) অভাব অনটনের মধ্যেই তাদের জীবনের পথচলা। বিভিন্ন গণমাধ্যমে যখন ছড়িয়ে পড়ে তাদের এই অসহায়ত্বের কথা তখন তাদের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেয় প্রবাসী ও গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের ঝোড়াঘাট গ্রামের বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থা।

বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থার সভাপতি ইউসুফ আলী বলেন, আজ আমরা

অনেক আনন্দিত। আমরা একটি অসহায় পরিবারের পাশে দাঁড়াতে পেরেছি। এটা সম্ভব হয়েছে আমাদের পরিশ্রম ও প্রবাসী ভাইদের জন্য, তাদের সহযোগিতায় আমরা এখানে একটি খাড়া টিন সেটের ঘর এই প্রতিবন্ধীদের হস্তান্তর করলাম। আমাদের এই ঘরটা নির্মাণ করতে ব্যয় হয়েছে ৫৩ হাজার টাকা। আমাদের এই সংগঠনে কাজ করছে ৫৪জন যুবক, যাদের নিরলস পরিশ্রম আমাদের দিনদিন সফলতার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আমরা আরও একটি ঘরের কাজ হাতে নিয়েছি ইনশাল্লাহ সেই অসহায় পরিবারের হাতে হস্তান্তর করবো। আপনাদের সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

বিশ্বস্ত স্বাস্থ্যসেবী সংস্থার সহ-সভাপতি তরিকুল ইসলাম বলেন, আমরা এই অসহায় পরিবারের কথা শুনে প্রবাসী ভাইদের জানালে তারা আমাদের বিভিন্ন ভাবে সহযোগিতা করে।আমাদের সংস্থা ও প্রবাসী ভাইদের সহযোগিতায় ঘরটি নির্মাণ করে তাদের হাতে তুলে দিতে পেরে আমরা সত্যিই খুব আনন্দিত।

এছাড়াও আমরা ছয়টি অসহায় পরিবারের প্রতি মাসে যে বিদ্যুৎ বিল আসে তাপরিশোধ করি। রাতের আধারে মানুষের চলাচলের সুবিধার জন্য রাস্তায় ৫ টা এনার্জি লাইট বসানো হয়েছে।এছাড়াও এতিম, অসহায়, নিপীড়িত, নির্যাতিত ও অনাহারে দিন কাটাচ্ছে যে সকল পরিবার তাদের পাশে দাঁড়ানোই আমাদের মূল লক্ষ্য এতিম অসহায় শিশু যারা লেখাপড়া করতে পারে না তাদের বিনা পয়সায় প্রাইভেট পড়ানোর ব্যবস্থা করছি।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সদস্য বৃন্দ, দিপু, হৃদয়, সুমন, রুবেল, তুহিন, হাসিবুল, তুষার, শাহ আলম,আকাশ হাসান প্রমুখ।

ইউএনও ওয়াহিদার অবস্থার উন্নতি, এইচডিইউতে স্থানান্তরের সিদ্ধান্ত

দুর্বৃত্তের হামলায় গুরুতর আহত ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াহিদা খানমের শারীরিক অবস্থার কিছুটা উন্নতি

হয়েছে। অবস্থার উন্নতি হওয়ায় তাকে আইসিইউ থেকে এইচডিইউতে স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছেন চিকিৎসকরা। যদিও অবশ হওয়া তার ডান পাশের অংশের কোনো উন্নতি হয়নি।

সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুর ১২টায় ইউএনও ওয়াহিদা খানমের শারীরিক অবস্থার সর্বশেষ এ তথ্য জানান ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসাইন্স হাসপাতালের নিউরো ট্রমা বিভাগের প্রধান নিউরো সার্জন ও গঠিত মেডিকেল বোর্ডের প্রধান মোহাম্মদ জাহিদ হোসেন।

সূত্র- বিডি প্রতিদিন

অভিযোজন বিষয়ক রিজিওনাল গ্লোবাল সেন্টার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল বিকেল সাড়ে ৩টায় দক্ষিণ এশিয়ার জন্য গ্লোবাল সেন্টার অন অ্যাডাপ্টেশন (জিসিএ) এর বাংলাদেশ আঞ্চলিক কার্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। অভিযোজন সম্পর্কিত গ্লোবাল সেন্টার বোর্ডের চেয়ারম্যান এবং জাতিসংঘের ৮ম সেক্রেটারি জেনারেল বান কি মুন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। দক্ষিণ এশীয় দেশগুলোর মন্ত্রীদের পাশাপাশি গ্লোবাল সেন্টার অন অ্যাডাপ্টেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক ভারকুইজেন উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখবেন।

আঞ্চলিক গ্লোবাল সেন্টার অন অ্যাডাপ্টেশন বাংলাদেশ (জিসিএ বাংলাদেশ) এর ভার্চুয়াল উদ্বোধন অনুষ্ঠানের পর প্রেস কনফারেন্স করবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। একটি প্রেস কনফারেন্সের আয়োজন করা হবে। পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন সাংবাদিকদের ব্রিফ করবেন।

প্রেস কনফারেন্সের পর দক্ষিণ এশিয়ার বিশেষজ্ঞ, শিক্ষাবিদ এবং

জলবায়ু পরিবর্তন নিয়ে কর্মরত বৈশ্বিক সংস্থার প্রতিনিধিরা উদ্বোধনী জিসিএ সাউথ এশিয়া পার্টনারশিপ ফোরামে অংশগ্রহণ করবেন। প্যানেল আলোচনার পর ক্লাইমেট ভালনারেবল ফোরামের থিমেটিক এ্যাম্বাসেডর সায়মা ওয়াজেদ হোসেন ইয়ুথ অ্যাডাপ্টেশন নেটওয়ার্কের উদ্বোধন করবেন।
জিসিএ আঞ্চলিক কেন্দ্রটি ঢাকার আগারগাঁওয়ে পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনে অবস্থিত। ঢাকায় আঞ্চলিক অভিযোজন কেন্দ্রের (জিসিএ) উদ্বোধন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে উৎসর্গ করা হয়েছে।

জিসিএতে বাংলাদেশে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের কিছু দয়িত্বপ্রাপ্ত অফিসারসহ আন্তর্জাতিক ও স্থানীয়ভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন। আশা করা হচ্ছে, রটারডাম গ্লোবাল সেন্টার অন অ্যাডাপ্টেশনের সদর দপ্তর একটি ম্যাট্রিক্স কাঠামোর মাধ্যমে জিসিএ বাংলাদেশকে সমর্থন করবে। এটি বাংলাদেশের সভাপতিত্বে জলবায়ুভিত্তিক দুটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংস্থা সিভিএফ এবং ভি২০ এর সচিবালয় হিসেবেও কাজ করবে।

এছাড়াও জিসিএ সুনীল অর্থনীতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ কাজে অবদান রাখার জন্য ডেল্টা কোয়ালিশনের সচিবালয় হিসেবে কাজ করবে। ২০২১ সালের ২২ জানুয়ারি অনুষ্ঠিতব্য জলবায়ু অভিযোজন সম্মেলন এবং ২০২১ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিতব্য কপ২৬ এর প্রস্তুতিতে বাংলাদেশকে সহায়তা করবে জিসিএ ।

দক্ষিণ এশিয়ায় জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় অভিযোজন কার্যক্রম ত্বরান্বিত করতে জিসিএ বাংলাদেশ প্রয়োজনীয় সহায়তা ও উন্নয়ন কার্যক্রম চালাবে। জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশের অবস্থার উন্নয়ন ঘটাতে এটি আন্তর্জাতিক সহায়তায় কাজে লাগাবে।

সূত্র- বিডি প্রতিদিন

অধিবেশন শুরু, পরীক্ষা- নিরীক্ষা শেষে সংসদে ৬ বিলের রিপোর্ট উত্থাপন

‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় বিল-২০২০’-সহ ৬টি বিল পরীক্ষা-নিরীক্ষা শেষে জাতীয় সংসদে প্রতিবেদন জমা দেওয়া হয়েছে। বিলগুলো সংসদীয় কমিটির সংশোধনীসহ পাসের সুপারিশ করা হয়েছে। যা সংসদের চলতি অধিবেশনে পাস হতে পারে।

আজ সোমবার বেলা ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। অধিবেশনে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সরকার ও বিরোধী দলীয় সদস্যরা উপস্থিত ছিলেন। করোনা পরিস্থিতির কারণে কঠোর স্বাস্থ্য সতর্কতা অনুসরণ করা হয়। অধিবেশনে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন ও জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের কার্যক্রম স্থগিত করা হয়। এরপর বিলের কার্যক্রম শুরু হয়।

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্য এম এ মতিন তিনটি বিলের প্রতিবেদন জমা দেন। বিলগুলো হচ্ছে- ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় বিল-২০২০’ ‘হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০২০’ ও ‘চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল-২০২০’।

এছাড়া বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আ. ফ. ম. রুহুল হক ‘বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল বিল-২০২০’ ও ‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ বিল-২০২০’ এবং গৃহায়ন ও গণপূর্তমন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ‘গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ বিল-২০২০’ সম্পর্কে প্রতিবেদন জমা দেন।

অধিবেশনের বৈঠকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী এবং বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি মো. শহীদুজ্জামান সরকার পৃথক দু’টি বিল পরীক্ষা- নিরীক্ষার জন্য সময় বৃদ্ধির অনুরোধ জানালে সংসদ তা অনুমোদন

করে।

নারায়ণগঞ্জে বিস্ফোরণ: মাটি খুঁড়ে সন্ধান করা হবে গ্যাসের উৎস

নারায়ণগঞ্জ মহানগরীর তল্লা এলাকায় মসজিদে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় মাটির নিচে গ্যাসের সম্ভাব্য উৎস অনুসন্ধানে সোমবার মাটি খুঁড়ে তল্লাশি চালানো হবে।

তদন্ত কমিটির সদস্য নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপসহকারী পরিচালক আবদুল্লাহ আল আরেফিন গণমাধ্যমকে এ কথা জানিয়েছেন।

বিস্ফোরণের ঘটনায় ফায়ার সার্ভিসের গঠিত তদন্ত কমিটি ছাড়াও আবদুল্লাহ আল আরেফিন জেলা প্রশাসনের তদন্ত কমিটিরও সদস্য।

তিনি বলেন, তদন্ত কমিটির সবাই কাজ করছেন। বিদ্যুৎ, গ্যাসসহ সব কিছুই পর্যবেক্ষণ করে দেখা হচ্ছে। যথাসময়ে প্রতিবেদন জমা দেয়া হবে।

ইতোমধ্যে মসজিদের একটি এসি খুলে দেখা হয়েছে। সেখানে দেখা যায়, আগুনে এসির ওপরে কভার নষ্ট হয়েছে। তবে ভেতরের সব কিছুই ঠিক আছে। এসি বিস্ফোরণ হয়নি।

তিনি আরও বলেন, গ্যাসের লাইনে লিকেজের বিষয়ে সোমবার মাটি খুঁড়ে দেখা হবে মসজিদের নিচ দিয়ে গ্যাসের লাইন আছে কিনা। তা ছাড়া কোথা দিয়ে গ্যাস বের হয়েছে। তবে এ কার্যক্রম সোমবার কখন শুরু হবে সেটি বলা যাচ্ছে না।

নারায়ণগঞ্জ জেলা প্রশাসনের গঠিত তদন্ত কমিটির সদস্য অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) মোশারফ হোসেন বলেন, ‘প্রাথমিক পর্যায়ে তদন্ত চলছে। তদন্ত রিপোর্ট জমা না দেয়া পর্যন্ত কিছুই বলা

যাচ্ছে না। তবে আমরা কাজ শুরু করেছি। অনেক বিষয়ের ওপর তদন্ত করতে হবে।

একটি বিষয়ে আগভাগে কোনো কিছু বলা যাচ্ছে না। সব থেকে বড় সমস্যা আহত যাদের সঙ্গে আমরা কথা বলব, তাদের অনেকেই মারা গেছেন। তবে আমরা চেষ্টা করছি প্রকৃত ঘটনা বের করতে।’

প্রসঙ্গত শুক্রবার রাত পৌনে ৯টার দিকে ফতুল্লার তল্লা চামারবাড়ি বাইতুস সালাত জামে মসজিদে ছয়টি এসির বিস্ফোরণের ঘটনা ঘটে। এ পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ২৬ জন হয়েছে।

রোববার দিবাগত রাতে চিকিৎসাধীন মনির ফরাজি (৩০) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। যুগান্তরকে বিষয়টি নিশ্চিত করেছেন ঢামেক পুলিশ ক্যাম্পের পুলিশ পরিদর্শক বাচ্চু মিয়া।

বাইতুস সালাত জামে মসজিদ থেকে দগ্ধ অবস্থায় যে ৩৭ জনকে বার্ন ইনস্টিটিউটে আনা হয়েছিল। শনিবার রাত পর্যন্ত তাদের মধ্যে ২১ জনের মৃত্যু হয়েছিল।

এর পর রোববার সন্ধ্যা পর্যন্ত মারা যান জুলহাস উদ্দিন (৩০), শামীম হাসান (৪৫), মোহাম্মদ আলী মাস্টার (৫৫) ও আবুল বাশার মোল্লা (৫১)। তাদের নিয়ে মৃতের সংখ্যা বেড়ে ২৫ জন হয়।

রোববার রাতে মারা যান বরিশালের বাকেরগঞ্জের বারঘড়িয়া গ্রামের সোবাহান ফরাজীর ছেলে মনির ফরাজি (৩০)। ফলে মৃতের সংখ্যা ২৬ জনে দাঁড়িয়েছে।

মেহেরপুরে সড়কের জমি দখলের প্রতিযোগীতা!

মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের জায়গায় অবৈধভাবে গড়ে উঠেছে কয়েক হাজার স্থাপনা। দোকানপাট, রেস্তোরা, ওয়ার্কসপসহ গড়ে উঠেছে বিভিন্ন বিপনীবিতান। এ যেন সরকারি জমি দখলের এক প্রতিযোগীতা। কোন কোন স্থাপনা মূল সড়কের উপরেই চলে এসেছে। স্থানীয় ক্ষমতাসিনদের খুশি

করে চলছে এইসব দোকান পাট। শুধু দোকানপাটই না পুরানো গাড়ি, ইট, বালু, পাথরে সড়কের অধিকাংশ জমিই দখলে। সড়ক বিভাগ থেকে বার বার নোটিশ দেওয়া হলেও কর্ণপাত করেনা কেউই। অজানা কারণে সড়কের জমি দখলমুক্ত করার তেমন উদ্যোগও নেই সড়ক বিভাগের।

সড়ক ও জনপথ বিভাগের (সওজের) কর্মকর্তাদের উদাসিনতার কারণেই বেদখল হয়ে যাচ্ছে সওজের সরকারি জমি। ইতোমধ্যে সেখানেও তৈরি হয়েছে অবৈধ দখলবাজদের একটি ভুইফোড় সংগঠন।

মেহেরপুর-কুষ্টিয়া, মেহেরপুর-চুয়াডাঙ্গা, মেহেরপুর মুজিবনগর, মেহেরপুর কাথুলী ভায়া গাংনী-হেমায়েতপুর পর্যন্ত রাস্তার দুপাশ দখল করে গড়ে তুলেছে দোকানপাট। এইসব সড়কের জমির মালিক সড়ক বিভাগ ও জেলা পরিষদ। তবে বেশ কিছু জমিতে জেলা পরিষদের উদ্যোগে তৈরি করা হয়েছে দোকানপাট। যে গুলো থেকে নিয়মিত ভাড়া তোলে জেলা পরিষদ কতৃপক্ষ। কিন্তু সড়ক বিভাগের জায়গায় রয়েছে প্রচুর অবৈধ স্থাপনা। যাদের কোথাও কোন ধরণের ট্যাক্স বা ভাড়া দেওয়া লাগে না।

এইসব অবৈধ স্থাপনার কারণে চলাচলেও প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে। শামীম রেজা, তুহিনসহ বেশ কয়েকজন ট্রাকচালক বলেন, স্থানীয় প্রশাসন ও সওজ কর্তৃপক্ষকে ম্যানেজ করে ক্ষমতাসীন রাজনৈতিক দলের প্রভাব খাটিয়ে চলছে তাদের ব্যবসা। ২০১৪ সালের ১২ জুলাই কলেজ মোড়ে একটি যাত্রীবাহী বাস মোড় ঘুরতে গিয়ে আছড়ে পড়ে পার্শ্ববর্তী হোটেলে। যেটি অবৈধভাবে গড়ে উঠেছিল। এ দুর্ঘটনায় প্রাণ হারান ৪ জন, আহত হন আরও ৩৬ জন। এ কারণে সে সময় সড়কের ধারে অবৈধ স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য একপ্রকার আন্দোলন করেন স্থানীয় অনেকেই। সওজ ও স্থানীয় প্রশাসন সে সময় অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করে। কিন্তু পরবির্ততে পুনরায় আবার তৈরি হয়েছে বিভিন্ন স্থাপনা।

অবৈধভাবে দোকান চালানোদের মধ্যে ইমন স্টোরের মালিক ইমাদুল ইসলাম, ইসলামীয়া হোটেলের মালিক সামসুল ইসলাম, ইয়ারুল হোটেলের মালিক ইয়ারুল ইসলাম জানান পেটের দায়ে এখানে দোকানপাট তৈরি করেছি। বেচাকেনা করে আমাদের সংসার চলে। প্রশাসন নোটিশ দিয়েছে কিন্তু আমরা কেউই নোটিশের উত্তর দেইনি। এক্ষেত্রে তো আমাদের কিছুই বলার নেই।

এ বিষয়ে মেহেরপুর সড়ক বিভাগের উপসহকারী প্রকৌশলী তুষার কান্তি পরমাণি জানান, আমরা ইতোমধ্যে যে সব অবৈধ স্থাপনা আছে তাদের

নোটিশ দিয়েছি। এছাড়াও প্রায় শতাধিক দখলবাজদের বিরুদ্ধে মামলা চলমান আছে।

সড়ক বিভাগের উপবিভাগীয় প্রকোশলী সুলতান মাহমুদ জানান, আমরা এইসব অবৈধ স্থাপনার বিরুদ্ধে খুব দ্রুত ব্যবস্থা নেবো। খুলনা বিভাগীয় প্রকোশলী ইতোমধ্যে এ বিষয়ে নির্দেশ দিয়েছেন। করোনার প্রাদুর্ভাবে এই অভিযানটা পরিচালনা করা হয়নি। তবে নির্বাহী প্রকৌশলী সাহেবের সাথে আলোচনা করে আমরা অবৈধ স্থাপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবো।

এ বিষয়ে জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল বলেন, প্রধান সড়কের পাশে যেসব জমি আছে সেগুলো জেলা পরিষদেও পক্ষ থেকেই দেখভাল করা হয়। সেখান থেকে নিয়মিত ভাড়া তোলা হয়। কোন অবৈধ স্থাপনা জেলা পরিষদের জায়গায় নেই।

গাংনীর দেবীপুরে মাস্ক বিতরণ

“প্রতিরোধই প্রতিকার” এই স্লোগান নিয়ে বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সাধারণ মানুষের মধ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে বসা সাপ্তাহিক হাটে আসা সাধারণ মানুষের মধ্যে জনসচেতনতা সৃষ্টির লক্ষে সকল শ্রেণী পেশার মানুষের হাতে প্রায় ৫ শতাধিক মাস্ক তুলে দেওয়া হয়।

এসময় জিয়া সকলকে মাস্ক ব্যবহারের আহব্বান করেন। তার পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসার অনুরোধ করেন।

তিনি আরো বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে সচতেন হতে হবে। স্বাস্থ্য বিধি মানতে হবে এর কোন বিকল্প নেই। নিজে সুস্থ থাকুন পরিবারের সদস্যদের সুস্থ রাখুন। জিয়ার মাস্ক বিতরণ কার্যক্রমে অংশ নেয় দেবীপুর গ্রামের রিন্টু সহ অনেকে। এর আগে বালিয়াঘাট গ্রামের সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ইয়াবা ট্যাবলেট সহ মোঃ খোয়াজ ইসলাম
(৩০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

রবিবার (৬ সেপ্টেম্বর) বিকেলে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের একটি চৌকষ আভিযানিক দল কুষ্টিয়ার দৌলতপুর থানাধীন কল্যাণপুর বেলতলা এলাকার রাস্তার উপর’ একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে তাকে আটক করা হয়।

এসময় তার কাছে থাকা ৪৭৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী খোয়াজ ইসলাম দৌলতপুর উপজেলার কল্যাণপুর বটতলা এলাকার মোঃ খায়রুল মন্ডলের ছেলে।

র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার (সহকারী পুলিশ সুপার) মোঃ মোস্তাফিজুর রহমান জানান, আটককৃত মাদক ব্যবসায়ী খোয়াজ ইসলাম দীর্ঘদিন ধরে মাদক কেনাবেচার সাথে জড়িত। বিকালে গোপন সংবাদের ভিত্তিতে তাকে ইয়াবাসহ আটক করা হয়। তার বিরুদ্ধে দৌলতপুর থানায় মামলা দায়ের হয়েছে।